# প্রেস বিজ্ঞপ্তি
# জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
# বিভিন্ন অপরাধে ৭৯টি প্রতিষ্ঠানকে ৩.৩৬ লক্ষ টাকা জরিমানা

**২০ অক্টোবর ২০১৬**

**বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের** প্রধান কার্যালয়, ঢাকা বিভাগীয় কার্যালয় ও বিভিন্ন জেলা কার্যালয়ের ২৭ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, চট্টগ্রাম, মানিকগঞ্জ, পঞ্চগড়, শরীয়তপুর, রাজবাড়ী, খুলনা, কুমিল্লা, গোপালগঞ্জ, গাইবান্ধা, মৌলভীবাজার, বরিশাল, মেহেরপুর, যশোর, সিলেট, নওগাঁ, রাজশাহী, নেত্রকোণা, বরগুনা, নীলফামারী, লক্ষ্মীপুর ও মাগুরায় আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর শেরেবাংলা নগর এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে হক বেকারীকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা এবং অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে মোমিন রেস্টুরেন্টকে **২৫,০০০/- (পঁচিশ হাজার)** টাকা এবং শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে স্টার হোটেল এন্ড রেস্টুরেন্টকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকাসহ মোট **৩৫,০০০/- (পয়ত্রিশ)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **১** জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক ইফতেখারুল আলম রিজভী কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর শাহবাগ এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে মিউনিসিপালিটি মার্কেটকে **২,০০০/- (দুই হাজার)** টাকা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে ডিসেন্ট পেস্ট্রি সপ ও বোস্ট টেককে যথাক্রমে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা ও **১০,০০০/- (দশ হাজার)** টাকাসহ মোট **৩২,০০০/- (বত্রিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক বিকাশ চন্দ্র দাশের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের কোতয়ালী থানা এলাকায় **৩টি** প্রতিষ্ঠানকে **২৬,০০০/- (ছাব্বিশ হাজার)** টাকা, চট্টগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হাসানুজ্জামানের নেতৃত্বে চট্টগ্রামের ইপিজেট থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **২৮,০০০/- (আঠাইশ হাজার)** টাকা, মানিকগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মাগফুর রহমানের নেতৃত্বে মানিকগঞ্জের শিবালয় উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **৯,০০০/- (নয় হাজার)** টাকা, পঞ্চগড় জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হাসান আল মারুফের নেতৃত্বে পঞ্চগড়ের দেবীগঞ্জ উপজেলায় **৬টি** প্রতিষ্ঠানকে **১১,০০০/- (এগার হাজার)** টাকা, শরীয়তপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জান্নাতুল ফেরদাউসের নেতৃত্বে শরীয়তপুর সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **২,৫০০/- (দুই হাজার পাঁচশত)** টাকা, রাজবাড়ী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ফেরদৌস শিকদারের নেতৃত্বে রাজবাড়ী সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৯,০০০/- (নয় হাজার)** টাকা, খুলনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনুর আলমের নেতৃত্বে খুলনার বটিয়াঘাটা উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা, কুমিল্লা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আছাদুল ইসলামের নেতৃত্বে কুমিল্লার সদর দক্ষিণ উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৪,০০০/- (চার হাজার)** টাকা, গোপালগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শামীম হাসানের নেতৃত্বে গোপালগঞ্জ সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, গাইবান্ধা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শেখ সাদীর নেতৃত্বে গাইবান্ধার সুন্দরগঞ্জ উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **৯,০০০/- (নয় হাজার)** টাকা, মৌলভীবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে মৌলভীবাজার সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ শোয়াইব মিয়ার নেতৃত্বে বরিশালের কাউনিয়া থানা এলাকায় **৩টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা, বরিশাল বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক সুমি রাণী মিত্রের নেতৃত্বে বরিশালের কাউনিয়া থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সেলিমুজ্জামানের নেতৃত্বে মেহেরপুর সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা, যশোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সোহেল শেখের নেতৃত্বে যশোর সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা, সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সিলেটের ওসমানী নগর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১৯,০০০/- (উনিশ হাজার)** টাকা, খুলনা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসানের নেতৃত্বে খুলনার বটিয়াঘাটা উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **১,০০০/- (এক হাজার)** টাকা, নওগাঁ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আব্দুল্লাহ আল মাসুমের নেতৃত্বে নওগাঁ সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১৩,০০০/- (তের হাজার)** টাকা, রাজশাহী বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক অর্পূব অধিকারীর নেতৃত্বে রাজশাহীর পবা উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১৩,৫০০/- (তের হাজার পাঁচশত)** টাকা, নেত্রকোণা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ইব্রাহীম হোসেনের নেতৃত্বে নেত্রকোণার আটপাড়া উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১১,০০০/- (এগার হাজার)** টাকা, সিলেট বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ ফয়েজ উল্লাহ এর নেতৃত্বে সিলেট মহানগরের কোতয়ালী থানা এলাকায় **৩টি** প্রতিষ্ঠানকে **৪৩,০০০/- (তেতাল্লিশ হাজার)** টাকা, বরগুনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আল-আমিনের নেতৃত্বে বরগুনার বামনা উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৩,৫০০/- (তিন হাজার পাঁচশত)** টাকা, নীলফামারী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আফসানা পারভীনের নেতৃত্বে নীলফামারীর জলঢাকা উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **৪,৮০০/- (চার হাজার আটশত)** টাকা, লক্ষ্মীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবাশীষ রায়ের নেতৃত্বে লক্ষ্মীপুরের

রায়পুর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১৪,০০০/- (চৌদ্দ হাজার)** টাকা এবং মাগুরা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে মাগুরার মোহাম্মদপুর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকাসহ মোট **২,৬৯,৩০০/- (দুই লক্ষ উনেসত্তর হাজার তিনশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, পরিমাপে কারচুপি, ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়, সেবার মূল্যের তালিকা সংরক্ষণ ও প্রদর্শন না করা, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, মিথ্যা বিজ্ঞাপন দ্বারা ক্রেতা সাধারণকে প্রতারিত করা, ওজনে কারচুপির অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের **২৭টি** বাজার তদারকি ও **১টি** অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৭৯টি** প্রতিষ্ঠানকে মোট **৩,৩৬,৩০০/- (তিন লক্ষ ছত্রিশ হাজার তিনশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **১** জন অভিযোগকারীকে মং **১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয় এবং বিলম্বে প্রাপ্ত তথ্য অনুযায়ী গত ১০ অক্টোবর ২০১৬ তারিখ রাজশাহী বিভাগীয় কার্যালয়ের অর্পূব অধিকারী কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে অর্ডার আপ রেস্টুরেন্টকে **২,০০০/- (দুই হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **১** জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৫০০/- (পাঁচশত)** টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, মৎস্য কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর ও ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, সিলেট, রংপুর ও বরিশাল মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, চট্টগ্রাম, মানিকগঞ্জ, পঞ্চগড়, শরীয়তপুর, রাজবাড়ী, খুলনা, কুমিল্লা, গোপালগঞ্জ, গাইবান্ধা, মৌলভীবাজার, বরিশাল, মেহেরপুর, যশোর, সিলেট, নওগাঁ, রাজশাহী, নেত্রকোণা, বরগুনা, নীলফামারী, লক্ষ্মীপুর ও মাগুরা।
৭। পুলিশ সুপার, ঢাকা, চট্টগ্রাম, মানিকগঞ্জ, পঞ্চগড়, শরীয়তপুর, রাজবাড়ী, খুলনা, কুমিল্লা, গোপালগঞ্জ, গাইবান্ধা, মৌলভীবাজার, বরিশাল, মেহেরপুর, যশোর, সিলেট, নওগাঁ, রাজশাহী, নেত্রকোণা, বরগুনা, নীলফামারী, লক্ষ্মীপুর ও মাগুরা।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।